

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শিল্প ও শক্তি সেক্টর
শের-ই-বাংলা নগর, ঢাকা

পরিদর্শন প্রতিবেদন
(চলমান প্রকল্প)

১. প্রকল্পের নাম : এনহ্যান্সমেন্ট অব ক্যাপাসিটি অব গ্রীড সাবস্টেশনস্ এন্ড ট্রান্সমিশন লাইনস (ফেজ-১)
২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ।
৩. বাস্তবায়নকারী সংস্থা : পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি)

৪. প্রকল্পের অবস্থান :

জেলা	উপজেলা
ঢাকা	কেরানীগঞ্জ, নবাবগঞ্জ
নারায়ণগঞ্জ	বন্দর, বুপগঞ্জ ও সোনারগাঁও
নরসিংদী	সদর, পলাশ
মুন্সিগঞ্জ	শ্রীনগর
ব্রাহ্মণবাড়ীয়া	আশুগঞ্জ
কুমিল্লা	দাউদকান্দি, সদর ও চৌদ্দগ্রাম
ফেণী	সদর
ঝিনাইদহ	সদর
মাগুরা	সদর
নড়াইল	সদর
বগুড়া	শেরপুর
সিরাজগঞ্জ	সদর
নাটোর	সদর
চাঁপাইনবাবগঞ্জ	সদর
রংপুর	সদর
লালমনিরহাট	তিস্তা
কুড়িগ্রাম	সদর
ঠাকুরগাঁও	সদর
গাইবান্ধা	পলাশবাড়ী

৫. প্রাক্কলিত ব্যয় :

(লক্ষ টাকায়)

মোট	জিওবি	সংস্থার নিজস্ব অবদান	প্রকল্প সাহায্য (ধরন)	প্রকল্প সাহায্যের উৎস
১৩৩২৬৭.৬৩	২১২৬৭.৬২	২০৭৬৬.৮০	৯১২৩৩.২১ (ঋণ)	আইডিএ

৬. বাস্তবায়নকাল :

জুলাই ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত

৭. সাধারণ পর্যবেক্ষণ :

- ৭.১ পটভূমি: দেশের নতুন নির্মিতব্য বিদ্যুৎ কেন্দ্রগুলিতে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন করতে গেলে বিদ্যমান গ্রীড উপকেন্দ্র ও সঞ্চালন লাইন ওভারলোডেড হয়ে পড়বে। এছাড়া পুরাতন যন্ত্রপাতি ও অপ্রচলিত ডিজাইনের কারণে বেশ কিছু সংখ্যক গ্রীড উপকেন্দ্র প্রতিনিয়ত সমস্যার সম্মুখীন হচ্ছে। দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের জন্য নতুন গ্রীড উপকেন্দ্র নির্মাণসহ সঞ্চালন নেটওয়ার্কের ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

[Signature]

৭.২ উদ্দেশ্য :

- দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ;
- গ্রামীণ এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।

৭.৩ প্রকল্পের অনুমোদন: মোট ১৩৪৪০৮.৪১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি ১৯ এপ্রিল ২০১৪ তারিখের একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়।

৭.৪ প্রকল্প পরিদর্শন: আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক (শক্তি) বেগম নাসিমা মহসিন কর্তৃক প্রকল্পটির ঢাকার কেরানীগঞ্জ উপজেলা অংশ গত ৪ এপ্রিল ২০১৬ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত হয়ে সহায়তা প্রদান করেন।

৭.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

মোঃ শহীদ হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) ১৭ ফেব্রুয়ারী ২০১৫ থেকে পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করে আসছেন।

৭.৬ প্রকল্পের মূল কার্যক্রম :

- কেরানীগঞ্জ-নবাবগঞ্জ ১৩২ কেডি ডবল সার্কিট লাইন স্থাপন: ২৫ কিঃমিঃ;
- ডবল সার্কিট টাওয়ারে মাগুরা-নড়াইল ১৩২ কেডি সিঙ্গেল সার্কিট লাইন স্থাপন: ৪০ কিঃমিঃ;
- ডবল সার্কিট টাওয়ারে তিস্তা-কুড়িগ্রাম ১৩২ কেডি সিঙ্গেল সার্কিট লাইন স্থাপন: ২০ কিঃমিঃ;
- কেরানীগঞ্জ-শ্রীনগর ১৩২ কেডি ডবল সার্কিট লাইন স্থাপন: ১৫ কিঃমিঃ;
- হাসনাবাদ-আমিনবাজার ২০০ কেডি ডবল সার্কিট লাইন হতে প্রস্তাবিত কেরানীগঞ্জ ২৩০/১৩২/৩৩ কেডি উপকেন্দ্র পর্যন্ত ডাবল সার্কিট ইন-আউট লাইন স্থাপন: ১ কিঃমিঃ;
- প্রস্তাবিত কেরানীগঞ্জ ২০০/১৩২/৩৩ কেডি উপকেন্দ্রকে সংযুক্ত করার লক্ষ্যে ফোর-সার্কিট ইন্টারকানেকটিং ১৩২ কেডি লাইন স্থাপন: ৩.৫ কিঃমিঃ;
- সিরাজগঞ্জ-বগুড়া ১৩২ কেডি লাইন হতে প্রস্তাবিত শেরপুর (বগুড়া) ১৩২/৩৩ কেডি উপকেন্দ্র পর্যন্ত ডাবল সার্কিট ইন-আউট লাইন স্থাপন: ২ কিঃমিঃ; এবং
- নতুন ২৩০/১৩২ কেডি উপকেন্দ্রে কেরানীগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যমান ফোর-সার্কিট ১৩২ কেডি লাইন এর Re-Routing: ২ কিঃমিঃ;
- কেরানীগঞ্জ ৩x২২৫/৩০০ এমডিএ (২৩০/১০২ কেডি) এবং ২x৫০/৭৫ এমডিএ (১৩২/৩৩ কেডি) ট্রান্সফরমার সম্বলিত ২৩০/১০২/৩০০ কেডি জিআইএস উপকেন্দ্র নির্মাণ;
- নবাবগঞ্জে ২x৫০/৭৫ এমডিএ ট্রান্সফরমার সম্বলিত ১৩২/৩৩ কেডি এআইএস উপকেন্দ্র নির্মাণ;
- নড়াইলে ২x২৫/৪১ এমডিএ ট্রান্সফরমার সম্বলিত ১৩২/৩৩ কেডি Low Cost উপকেন্দ্র নির্মাণ;
- কুড়িগ্রামে ২x২৫/৪১ এমডিএ ট্রান্সফরমার সম্বলিত ১৩২/৩৩ কেডি Low Cost উপকেন্দ্র নির্মাণ;
- শেরপুরে (বগুড়া) ২x২৫/৪১ এমডিএ ট্রান্সফরমার সম্বলিত ১৩২/৩৩ কেডি এআইএস উপকেন্দ্র নির্মাণ;
- শ্রীনগরে ২x২৫/৪১ এমডিএ ট্রান্সফরমার সম্বলিত ১৩২/৩৩ কেডি এআইএস উপকেন্দ্র নির্মাণ;
- ঠাকুরগাঁও ১৩২/৩৩ কেডি উপকেন্দ্রে ২x৫০/৭৫ এমডিএ থ্রি-ফেইজ ট্রান্সফরমার স্থাপন;
- পলাশবাড়ী ১৩২/৩৩ কেডি উপকেন্দ্রে ২x৫০/৭৫ এমডিএ থ্রি-ফেইজ ট্রান্সফরমার স্থাপন;
- সিরাজগঞ্জ ১৩২/৩৩ কেডি এআইএস উপকেন্দ্রে ২x৫০/৭৫ এমডিএ থ্রি-ফেইজ ট্রান্সফরমার স্থাপন;
- নাটোর ১৩২/৩৩ কেডি এআইএস উপকেন্দ্রে ২x৫০/৭৫ এমডিএ থ্রি-ফেইজ ট্রান্সফরমার স্থাপন;
- চাপাইনবাবগঞ্জে ১৩২/৩৩ কেডি এআইএস উপকেন্দ্রে ২x৫০/৭৫ এমডিএ থ্রি-ফেইজ ট্রান্সফরমার স্থাপন;
- হরিপুর-ঘোড়াশাল-আশুগঞ্জ ১৩২ কেডি ডাবল সার্কিট লাইন রিকডাকটরিং ৮৯ কিঃমিঃ;
- হরিপুর-কুমিল্লা-ফেনী ১৩২ কেডি ডাবল সার্কিট লাইন রিকডাকটরিং ১৪০ কিঃমিঃ;
- বিদ্যমান ঝিনাইদহ-মাগুরা ১৩২ কেডি লাইন ১৩২ কেডি সিঙ্গেল সার্কিট স্ট্রিংগিং ২৮ কিঃমিঃ;
- বিদ্যমান রংপুর-তিস্তা ১৩২ কেডি লাইন ১৩২ কেডি সিঙ্গেল সার্কিট স্ট্রিংগিং ২৩ কিঃমিঃ;
- ঝিনাইদহে বে-সম্প্রসারণ ১টি;
- কেরানীগঞ্জে বে-সম্প্রসারণ ২টি;
- মাগুরায় বে-সম্প্রসারণ ২টি; এবং
- রংপুরে বে-সম্প্রসারণ ১টি।

৮. প্রকল্পের অংশভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি :

৮.১ প্রকল্পের অংশভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি সিমুলেট : (কেরাণীগঞ্জ উপজেলা অংশ)

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অংশের নাম	অনুমোদিত ডিপিপি অনুযায়ী		মার্চ ২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	
		পরিমাণ/সংখ্যা	প্রাপ্তবিল ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
১	কর্মকর্তাদের বেতন	২৩ জন	৩১৫.০০	১৩ জন	৭৮.৬৩ (২৪.৯৬%)
২	কর্মচারীদের বেতন (পিজিসিবি)	৭ জন	৩৯.৫৯	৬ জন	১৭.২৩ (৪৩.৫২%)
৩	ভাতা (পিজিসিবি)	৩০ জন	৫৩২.৭৫	১৯ জন	১৫৮.৩০ (৩০.১৭%)
৪	ভ্রমণ ব্যয় (পিজিসিবি)	থোক	২৫.২০	থোক	৩.৪৬ (১৩.৭৩%)
	ভ্রমণ ব্যয় (আরইবি)	থোক	৫.০০	থোক	-
৫	জ্বালানী ব্যয় (পিজিসিবি)	থোক	১২৬.০০	থোক	১৪.৪৫ (১.১৫%)
	জ্বালানী ব্যয় (আরইবি)	থোক	১০.৫০	থোক	-
৬	ইন্সুরেন্স ব্যয় (পিজিসিবি)	থোক	৩৮৭.২৩	থোক	-
	ইন্সুরেন্স ব্যয় (আরইবি)	থোক	৩৮.৩৪	থোক	-
৭	পরিবহন ব্যয় (পিজিসিবি)	থোক	১১০৬.৩৬	থোক	-
	পরিবহন ব্যয় (আরইবি)	থোক	১০৯.৫৫	থোক	-
৮	ক্ষতিপূরণ	১০৮.৫ কিঃমিঃ	৫২৭৬.৬০	-	-
৯	কনসালটেন্সি	৮৪ জনমাস	৭৬০.৫৭	-	-
১০	টেন্ডিং ফি	থোক	১৪.০০	থোক	-
১১	জরিপ	১০৮.৫ কিঃমিঃ	১০.৮৫	-	-
১২	ভাড়ার মূল্য (অফিস, সিকিউরিটি ইত্যাদি)	থোক	৭৩.০০	থোক	-
১৩	বিবিধ (ইআইএ, ডিএ, ওটি ইত্যাদি)	থোক	১৮০.৪০	থোক	১৬.৩০ (৯.০৪%)
১৪	যানবাহন (পিজিসিবি) (ভাড়াভিত্তিতে)	১০ টি (জীপ ১টি, ডাবল ক্যাব পিকআপ ৩টি মোটর সাইকেল ৬টি)	১৯৮.২৫	-	-
১৫	অফিস যন্ত্রপাতি	থোক	৯.০০	থোক	-
১৬	অফিস আসবাবপত্র	থোক	৭.৬৭	থোক	-
১৭	টুলস, পল্যান্টস, স্পেয়ার্স (পিজিসিবি)	লট	১৬৫৯.৫৪	লট	-
	টুলস, পল্যান্টস, স্পেয়ার্স (আরইবি)	লট	১৬৪.৩২	লট	-
১৮	ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (পিজিসিবি)	লট	৫৩৬৫৮.৫৫	লট	-
	ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (আরইবি)	লট	৫৩১৩.০৭	লট	-
১৯	ভূমি ও সম্পদ অধিগ্রহণ/ক্রয়:	২৪ একর	৩৩৪৮.০০	-	-
	কেরাণীগঞ্জ	৩ একর	৬৯০.০০	-	-
২০	ভূমি উন্নয়ন	২২৬৬২৪ ঘঃমিঃ	১০২৫.২২	-	-
	কেরাণীগঞ্জ	২০৬৩৮৯.৯০ ঘঃ মিঃ	-	-	-
২১	আবাসিক ভবন	থোক	৬৯৭.৩২	-	-
২২	অন্যান্য ভবন (অনাবাসিক) (পিজিসিবি)	থোক	১৯৫৩.৪৬	-	-
	অন্যান্য ভবন (অনাবাসিক) (আরইবি)	থোক	৯০০.০০	-	-
২৩	নির্মাণ ব্যয় (পিজিসিবি)	থোক	১৭০৩৪.৫৪	-	-
	নির্মাণ ব্যয় (আরইবি)	থোক	১১৮২.২২	-	-
২৪	সিডি ভ্যাট (পিজিসিবি)	থোক	১৭৯৭৮.৩৮	-	-
	সিডি ভ্যাট (আরইবি)	থোক	১৭৮০.১৫	-	-

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	অনুমোদিত ডিপিপি অনুযায়ী		মার্চ ২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	
		পরিমাণ/সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
২৫	নির্মাণকালীন সুদ (পিজিসিবি)	থোক	৭৯৭৯.১৪	-	-
	নির্মাণকালীন সুদ (আরইবি)	থোক	১৬৮.২১	-	-
২৬	ডেভেলপমেন্ট ক্যাপিটাল ফান্ড (আইটি এবং ড্যাট) (পিজিসিবি)	থোক	১৭৮৮.৬৩	-	-
২৭	প্রাইস কন্ট্রিজেন্সী (পিজিসিবি)	থোক	৪১৫৯.৬৬	-	-
	প্রাইস কন্ট্রিজেন্সী (আরইবি)	থোক	৯৬.২২	-	-
২৮	ফিজিক্যাল কন্ট্রিজেন্সী (পিজিসিবি)	থোক	২৯৫৩.৯২	-	-
	ফিজিক্যাল কন্ট্রিজেন্সী (আরইবি)	থোক	৭৭.০৮	-	-
	সর্বমোট		১৩৩২৬৭.৬৩		২৮৮.৩৭ (০.০০২%)

৯. পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:

প্রধান অঙ্গসমূহের বিবরণ:

- ৯.১ অনুমোদিত ডিপিপি অনুসারে ঢাকার কেরাণীগঞ্জ উপজেলায় ২৩০/১৩২/৩৩ কেডির ১টি উপকেন্দ্র নির্মাণের জন্য ৩০০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩ একর ভূমি অধিগ্রহণের ও ১৮০.৯২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩ মিটার গভীরতাসম্পন্ন ৩৬৪২১.৭৪ লঃ ঘঃমিঃ ভূমি উন্নয়নের সংস্থান রয়েছে। পরিদর্শনকালীন সময় পর্যন্ত জানা যায় যে ৩ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাব কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির সভায় ১৬ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে অনুমোদিত হয়েছে। জেলা প্রশাসক, ঢাকা এর কার্যালয়ে এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ প্রক্রিয়াধীন আছে। ডিপিপি'র বার্ষিক লক্ষ্যমাত্রা অনুসারে ২০১৪-১৫ অর্থবছরে এ কাজ সম্পন্নের কথা থাকলেও অদ্যাবধি তা সম্পন্ন হয়নি।
- ৯.২ কেরাণীগঞ্জ থেকে নাববগঞ্জ পর্যন্ত ২৫ কিঃমিঃ দৈর্ঘ্যের ১৩১ কেডি ডাবল সার্কিট সঞ্চালন লাইন, কেরাণীগঞ্জ থেকে শ্রীনগর পর্যন্ত ১৫ কিঃমিঃ দৈর্ঘ্যের ১৩২ কেডি ডাবল সার্কিট সঞ্চালন লাইন, হাসনাবাদ থেকে আমিনবাজার পর্যন্ত ২৩০ কেডি বিদ্যমান সঞ্চালন লাইন থেকে কেরাণীগঞ্জে নির্মিতব্য ২৩০/১৩২/৩৩ কেডি উপকেন্দ্রে ১ কিলোমিটারের ইন-আউট ডাবল সার্কিট সঞ্চালন লাইন, বিদ্যমান সঞ্চালন লাইনের সঙ্গে কেরাণীগঞ্জে নির্মিতব্য ২৩০/১৩২/৩৩ কেডি উপকেন্দ্রের সংযোগ প্রদানের উদ্দেশ্যে ৩.৫ কিলোমিটারের ফোর সার্কিট ইন্টারকানেকটিং, ১৩২ কেডি সঞ্চালন লাইনের চলাচলপথ পুনঃনির্ধারণপূর্বক নির্মিতব্য ২৩০/১৩২/৩৩ কেডি উপকেন্দ্রে সংযোগ প্রদানের জন্য ২ কিলোমিটারের সঞ্চালন লাইন নির্মাণের সংস্থান আছে। ডিপিপি'র প্রকিউরমেন্ট পরিকল্পনা অনুসারে জুলাই ২০১৭ এর মধ্যে এ অঙ্গের কাজ সম্পাদনের জন্য নির্ধারিত আছে। পরিদর্শনকালীন সময় পর্যন্ত এ কাজের রুট সার্ভে সম্পন্ন হয়েছে বলে জানা যায় এবং ২ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে এ কাজের দরপত্র আহবানের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। চুক্তি স্বাক্ষরের সম্ভাব্য তারিখ হচ্ছে ১৯ জুলাই ২০১৬। আর্থিক অগ্রগতি নেই, তবে ভৌত অগ্রগতি হচ্ছে ৩%।
- ৯.৩ কেরাণীগঞ্জ জেলায় ৩x২২৫/৩০০ এমডিএ ট্রান্সফরমার (২৩০/১৩২ কেডি) এবং ২x২৫০/৭৫ এমডিএ ট্রান্সফরমার (১৩২/৩৩ কেডি)সহ ১টি ২৩০/১৩২/৩৩ কেডি জিআইএস উপকেন্দ্র নির্মাণ অনুমোদিত আছে। ডিপিপি'র প্রকিউরমেন্ট পরিকল্পনা অনুসারে জুলাই ২০১৭ এর মধ্যে এ উপকেন্দ্র নির্মাণের কাজ সম্পন্ন করতে হবে। পরিদর্শনকালীন সময় পর্যন্ত এ কাজের জন্য ৮ সেপ্টেম্বর ২০১৫ তারিখে দরপত্র আহবান সম্পন্নপূর্বক ২৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে ঠিকাদারের অনুকূলে NOA জারী করা হয়েছে। এ অঙ্গের কোন আর্থিক অগ্রগতি নেই এবং ভৌত অগ্রগতি হচ্ছে ২.৯৩%।
- ৯.৪ প্রকল্প পরিচালকের সঙ্গে আলোচনাকালে জানা যায় যে, দাতা সংস্থা আইডিএ এর পরামর্শ অনুসারে বীড ডকুমেন্ট প্রণয়নে বিলম্বের কারণে দরপত্র প্রক্রিয়া বিঘ্নিত হয়েছে। কেরাণীগঞ্জ উপকেন্দ্র নির্মাণের জন্য ৩ একর জমি DAP এলাকার আওতাভুক্ত ছিল বিধায় জমিটি অধিগ্রহণে জটিলতার সৃষ্টি হয় এবং অধিগ্রহণ প্রক্রিয়া বিঘ্নিত হয়। এ ছাড়া চুক্তি সংক্রান্ত দলিলপত্রের উপর বাণিজ্য, অর্থ এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং প্রাপ্তিতে বিলম্বের কারণেও প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়।

[Handwritten Signature]

